

ঢাকা, ০১ আগস্ট ২০১৯

আওয়ামী লীগ সরকার কখনই সংবিধান ও অসাম্প্রদায়িক চেতনার সাথে আপোষ করবে না-শিক্ষা উপমন্ত্রী

মহিবুল হাসান চৌধুরী এম. পি.

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন আওয়ামী লীগ সরকার কখনই বাংলাদেশের সংবিধান ও অসাম্প্রদায়িক চেতনার সাথে আপোষ করবে না। বাংলাদেশে প্রতিক্রিয়াশীল শক্তি অবশ্যই পরাজিত হবেই। তিনি প্রতিক্রিয়াশীল শক্তির বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহবান জানান। তিনি আজ বিকালে রাজধানীর সেগুন বাগিচার আনোয়ারা বেগম- মুনিরা খান মিলনায়তনে মহিলা পরিষদের আয়োজনে “মুক্তিযুদ্ধের চেতনায় বিজ্ঞানভিত্তিক, অসাম্প্রদায়িক, জেন্ডার সংবেদনশীল ও মানবিক পাঠ্যবই চাই” শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

মহিলা পরিষদের সভানেত্রী আয়েশা খানমের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব সোহরাব হোসাইন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট লেখক ও কলামিস্ট আব্দুল মোমেন, বিশিষ্ট শিক্ষাবিদ সৈয়দ মঞ্জুরুল ইসলাম, ঘাতক দালাল নির্মূল কমিটির সভাপতি শাহরিয়ার কবির, এনসিটিবি'র সদস্য মশিউজ্জান, উদীচীর সভাপতি শফীউদ্দিন, নারী প্রগতি সংঘের নির্বাহী পরিচালক রোকেয়া কবীর সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ। সোহরাব হোসাইন বলেন, পিএসসি ও জেএসসি পরীক্ষায় জিপিএ পদ্ধতির বিকল্প চিন্তা করছে সরকার। অতিরিক্ত বইয়ের বোঝা সম্পর্কে তিনি বলেন সরকার কতক বইয়ের সংখ্যা খুব বেশী না। কিছু স্কুল সরকার কতক নির্ধারিত বইয়ের বাহিরেও আর ও কিছু বই পড়ান। এর পেছনে বানিজ্য আছে। আবুল মোমেন বলেন আমরা সবাই সরকারকে দোষারোপ করি কিন্তু সরকার ত সমাজেরই প্রতিফলন। রাষ্ট্র এগিয়ে যাচ্ছে কিন্তু সমাজ পিছিয়ে গেছে। সমাজে ধর্মান্ততার প্রসার ঘটেছে। তিনি আর ও বলেন আমাদের শিক্ষাব্যবস্থা পারটিসিপেটরি না, যুক্তিবাদী না, শিক্ষকরা অধিকাংশই আউটডেটেড। সৈয়দ মঞ্জুরুল ইসলাম বলেন, আমাদের পরিবার হল এই প্রজন্মের জন্য খাচা, স্কুলগুলো হল কারাগার, আর কোচিং সেন্টার গুলো হল কনডেম সেল। তিনি শিক্ষায় বিনিয়োগ বৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করেন। তিনি বলেন ভাল শিক্ষক না হলে ভাল শিক্ষা পাওয়া যাবে না। তিনি শিক্ষকদের জন্য আলাদা বেতন কাঠামো চালু করার দাবী জানান। সভায় মহিলা পরিষদের পক্ষ থেকে সরকারের কাছে ছয় দফা দাবী তুলে ধরেন। দাবীগুলি নিম্নরূপ:

১. বিজ্ঞানভিত্তিক, অসাম্প্রদায়িক, জেন্ডার সংবেদনশীল, অন্ধবিশ্বাস ও কুসংস্কারমুক্ত, মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেম ও মানবাধিকারের মূল্যবোধসম্পন্ন শিক্ষানীতি এবং তার আলোকে পাঠ্যপুস্তক প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।

২. অবিলম্বে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠু সংস্কৃতি-চর্চা, খেলাধুলা ও শরীরচর্চার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৩. সাম্প্রদায়িক উদ্দেশ্যে সুকৌশলে যে চক্রান্তের ফলে পাঠ্য বই পরিবর্তন করা হয়েছিল তা চিহ্নিত করার জন্য নিরপেক্ষ তদন্ত কমিশন গঠন করতে হবে।
৪. বিজ্ঞানভিত্তিক, অসাম্প্রদায়িক, জেস্তার সংবেদনশীল, অন্ধবিশ্বাস ও মুক্তিযুদ্ধের চেতনার আলোকে মাদ্রাসা শিক্ষার পাঠ্যসূচির পরিবর্তন করতে হবে ও সেখানে সঠিকভাবে পাঠদান করা হচ্ছে সেই বিষয়ে সরকারকে মনিটরিং করতে হবে।
৫. কওমি মাদ্রাসার পাঠ্যসূচি বিষয়ে সরকারকে আরও সক্রিয় নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ করতে হবে। একই সাথে তাদের বিজ্ঞানমুখী শিক্ষার আওতায় আনতে হবে, যাতে কওমী মাদ্রাসার শিক্ষার্থীরা আধুনিক শিক্ষার আলো থেকে বঞ্চিত না হয়।
৬. সাম্প্রদায়িক শক্তির যে কোন অপতৎপরতা প্রতিরোধে সরকার ও সকল জনগণকে ঐক্যবদ্ধভাবে তৎপর থাকতে হবে।

মোহাম্মদ আবুল খায়ের

জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮